নেপালে উদ্ধারকার্য ও ত্রাণ সহায়তা প্রদান অব্যাহত রেখেছে ভারত

মানবিক সহায়তা বহনকারী ভারতীয় বায়ুসেনার পঞ্চম বিমানটি আজ কাঠমান্ডুতে পৌঁছেছে। এতে প্রায় 5.5 টন চিকিৎসা-সামগ্রী ছিল, যার মধ্যে অ্যান্টিবায়োটিক, ব্যথানাশক ওষুধ, অস্ত্রোপচার-সংক্রান্ত সামগ্রী এবং অন্যান্য প্রয়োজনীয় ওষুধ অন্তর্ভুক্ত। এই বিমানে 11 সদস্যের একটি বিশেষজ্ঞ টিমও ছিল, যাদের সঙ্গে 6 টনেরও বেশি উদ্ধার-সামগ্রী পরিবহন করা হয়। সাম্প্রতিক সহায়তার সাথে, ভারত আজ পর্যন্ত নেপালে প্রায় 74 টন ত্রাণ সহায়তা পৌঁছে দিয়েছে।

2. নেপালে ভয়াবহ বন্যার পরিপ্রেক্ষিতে উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে। এখনও পর্যন্ত, মোট 166 জন ভারতীয় নাগরিককে উদ্ধার করা হয়েছে, যার মধ্যে আজ 03 জনকে উদ্ধার করা হয়েছে। তীর্থযাত্রা বা অন্যান্য কাজে তিব্বত স্বায়ত্তশাসিত অঞ্চল সফররত মোট 410 জন ভারতীয় নাগরিক আজ চীন থেকে দেশে ফিরেছেন।

3. ভারতীয় রেসকিউ টিম: আজ ভারতীয় টানেল রেসকিউ টিম তাদের বেস ত্রিশূলি থেকে স্যাব্রুবেশিতে সরিয়ে নিয়েছে যার ফলে উদ্ধার অভিযান যেখানে চলছে, সেই চিলিমে পৌঁছতে যাতায়াতের সময় কমবে। নেপাল সেনাবাহিনীর সহযোগিতায় দলটি চিলিমে তাদের অনুসন্ধান অভিযান অব্যাহত রেখেছে। টানেলের ভিতরে গভীর কাদামাটি ও বিভিন্ন বাধা থাকা সত্ত্বেও, দলটি আজ আরও প্রায় 100 মিটার এগিয়ে যেতে সক্ষম হয়। দ্রুত অগ্রগতি নিশ্চিত করতে, অনুসন্ধান ও উদ্ধারকাজে আরও ভারী সরঞ্জাম ব্যবহার করার জন্য টানেল পর্যন্ত একটি অস্থায়ী সড়কপথ তৈরি করা যায় কি না, তা খতিয়ে দেখা হয়েছে। আজ ভারত থেকে আসা 11 জন উদ্ধারকারী বিশেষজ্ঞ বিশেষ সরঞ্জামসহ ত্রিশূলি বাজারের কাছাকাছি পৌঁছেছেন এবং তারা নেপাল সেনাবাহিনীর সহায়তায় আগামীকাল থেকে উদ্ধারকাজ শুরু করবেন বলে আশা করা হচ্ছে।

4. ভারতীয় ফরেনসিক টিম: ভারতের ফরেনসিক টিম বর্তমানে নেপালের বিশেষজ্ঞদের সহযোগিতায় DNA নমুনা পরীক্ষা এবং বিশ্লেষণের জন্য কাঠমান্ডুর দুটি ল্যাবরেটরিতে কাজ করছে।

নয়া দিল্লি

02 সেপ্টেম্বর, 2026